

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-জনসংযোগ/

তারিখ: ০৮/০১/২০১৭ খ্রি:

আলোকিত মানুষ গড়ার জন্য নতুন নতুন উদ্যোগ প্রয়োজন-----দুদক চেয়ারম্যান

আজ দুর্নীতি দমন কমিশন (দুদক) এর চেয়ারম্যান ইকবাল মাহমুদ কমিশনের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে বাংলাদেশ স্কাউটস ও বাংলাদেশ গার্ল গাইডস এ্যাসোসিয়েশনের সদস্যগণের মাঝে দুর্নীতিবিরোধী বাণী সম্বলিত ত্রিশ হাজার খাতা ও পাঁচ হাজার জ্যামিতি বক্স বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ আরও বলেন, সুবচন নির্বাসনে যায়নি-তবে সুবচনের কাঙ্ক্ষিত চর্চা হচ্ছে না। কমিশন সুবচন চর্চায় অংশ নিতে চায়। তাই গার্ল গাইডস এ্যাসোসিয়েশন এবং বাংলাদেশ স্কাউটস এর মতো সামাজিক সংগঠনগুলোর সঙ্গে কমিশন সমঝোতা স্মারকের মাধ্যমে একত্রে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। তিনি বলেন, সমন্বিত প্রচেষ্টা ব্যতীত দুর্নীতি কিংবা অন্য যে কোনো খারাপ বা অনৈতিক কাজ প্রতিরোধ করা সম্ভব নয়। তবে সম্মিলিত প্রচেষ্টা থাকলে দুর্নীতি দমন বা প্রতিরোধ অসম্ভব নয় বলে তিনি মন্তব্য করেন।

তিনি বলেন কমিশনের প্রতিরোধমূলক কার্যক্রম ছাত্র-ছাত্রীদের সম্পৃক্ত করার মূল উদ্দেশ্য হচ্ছে তাদেরকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে সাহায্য করা। আমরা শুধু ভালো ছাত্র নয় -আলোকিত মানুষ গড়তে চাই। এ কারণেই ছাত্র-ছাত্রীদের মধ্যে বিভিন্ন সুবচন সম্বলিত খাতা, জ্যামিতি বক্স বিতরণ করা হচ্ছে। আমরা প্রত্যাশা করি এসকল সুবচন তাদের হৃদয়ে গ্রোথিত হবে। তাঁরা সৎচর্চা এবং সৎ জীবন-যাপনে উদ্বুদ্ধ হবে এবং প্রত্যেকেই সুবচনের দূত হিসেবে কাজ করবে।

অনুষ্ঠানে দুদক-এর প্রতিরোধ অনুবিভাগের মহাপরিচালক ড. মো: শামসুল আরেফিন স্বাগত বক্তব্য রাখেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দুদক কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ, এএফএম আমিনুল ইসলাম, সচিব আবু মো: মোস্তফা কামাল, বাংলাদেশ গার্ল গাইড এ্যাসোসিয়েশন, বাংলাদেশ স্কাউটস ও কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

(প্রনব কুমার ভট্টাচার্য্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা
দুর্নীতি দমন কমিশন।

